



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

স্মারক নং: বায়রা/কল্যাণ তহবিল/৪০/২০২৬/৪০৪

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩
০৬ জুলাই ২০২৬

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ বায়রা'র আসন্ন নির্বাচন উপলক্ষ্যে সদস্যপদ নবায়ন ফি ও সমুদয় বকেয়া পরিশোধ প্রসঙ্গে।

মহোদয়,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বায়রা'র নির্বাচন সংক্রান্তে দায়েরকৃত রীট পিটিশন (রীট পিটিশন নং- ১১৯/২০২৬) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। আমরা আশা করছি শীঘ্রই নির্বাচনের নুতন তফসিল ঘোষণা করা হবে।

আসন্ন বায়রা নির্বাচনে অংশগ্রহণের নিমিত্ত আপনার কর্মী প্রেরণ বাবদ বায়রা কল্যাণ তহবিলের চাঁদা, সদস্যপদ নবায়ন ফি এবং নতুন সদস্যদের অনাপত্তি সনদপত্র (NOC) ফি বাবদ বকেয়া (যদি থাকে) তা অনতিবিলম্বে পরিশোধের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বায়রা কল্যাণ তহবিলের বকেয়া চাঁদা বায়রা ডাটাবেজ অফিসে (৭৭/২, কাকরাইল, ঢাকা-১০০০, ফোন- ০২-৪১০৩৩৬২৯) জরুরী ভিত্তিতে নগদ/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধের নিমিত্ত অনুরোধ জানানো হলো।

এ বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকলে বায়রা সচিবালয়ে যোগাযোগ করার নিমিত্ত অনুরোধ জানাচ্ছি।

বিষয়টি জরুরী।

আপনার বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
- ২। প্রশাসক, বায়রা।
- ৩। বায়রা ডাটাবেজ, কাকরাইল।